# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 18-06 2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে নতুন সরকার গঠনের পর আজ বসতে চলেছে বিধানসভার প্রথম অধিবেশন।

২) বিরোধী দলনেতা নির্বাচনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা মামলায় কলকাতা হাইকোর্ট আজ রায় ঘোষণা করবে।

৩) বিধানসভার ফলাফল প্রকাশ থেকে এক মাসেরও বেশি সময় কেটে যাওয়ার পর পশ্চিমবঙ্গে মোতায়েন থাকা কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা কমিয়ে দেওয়া হল।

৪) সরকার শতাধিক ডব্লিউবিসিএস  আধিকারিককে বদলির নির্দেশ জারি করেছে।

৫) এবছরের জয়েন্ট এন্ট্রান্সের ফল আজ প্রকাশিত হবে।

৬) পশ্চিমবঙ্গে চলচ্চিত্র ও টেলিভিশন শিল্প সহ টলিউডের বিভিন্ন সমস্যা ও ভবিষ্যৎ উন্নয়ন সুনিশ্চিত করতে সরকার একটি নতুন উপদেষ্টা কমিটি গঠনের প্রস্তাব দিয়েছে।

৭) দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে উত্তরবঙ্গে ভারি বৃষ্টি চললেও দক্ষিণবঙ্গে অস্বস্তিকর আবহাওয়া আরও কিছুদিন বজায় থাকবে।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে নতুন সরকার গঠনের পর আজ বসতে চলেছে বিধানসভার প্রথম অধিবেশন। সকাল ১১টায় রাজ্যপাল আর এন রবির অভিভাষণের মধ্যে দিয়ে সূচনা হবে এই অধিবেশনের।

আগামীকাল শোকপ্রস্তাব গ্রহণ ও আগামী সোমবার ২২শে জুন, রাজ্য বাজেট পেশ করা হবে। ২৩ তারিখ রাজ্যপালের অভিভাষণের উপর ছ'ঘণ্টার আলোচনা নির্ধারিত হয়েছে। পরবর্তী দুদিন বাজেটের উপর দশ ঘণ্টা আলোচনা হবে। তবে, জুনের শেষ সপ্তাহে ধারাবাহিক ছুটির কারণে অধিবেশন সাময়িকভাবে মুলতুবি থাকবে।

দ্বিতীয় পর্ব শুরু হবে ৬'ই জুলাই।

এদিকে বিরোধী দলনেতা স্থির হলেও তা নিয়ে বিতর্ক রয়েই গেছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

-----------------

রাজ্যে বিরোধী দলনেতা নির্বাচনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা মামলায় কলকাতা হাইকোর্ট আজ রায় ঘোষণা করবে। তৃণমূল কংগ্রেসের বহিষ্কৃত বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে বিরোধী দলনেতা নিযুক্ত করা, স্পিকারের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে ঐ দলেরই বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন। গত কয়েকদিন ধরেই চলছিল মামলার শুনানি। গতকাল শুনানি শেষে রায়দান স্থগিত রাখেন বিচারপতি কৃষ্ণা রাও। কোনো রাজনৈতিক দলের কথা না শুনে সংখ্যাগোরিষ্ঠ বিধায়কদের প্রস্তাব গ্রহণ করা যায় কিনা, তা নিয়ে বিচারপতি প্রশ্ন তোলেন। প্রথম প্রস্তাব দেখেও কেন সিদ্ধান্ত হল না, তাও জানতে চান বিচারপতি।

জবাবে অধ্যক্ষের তরফে আইনজীবী অতিরিক্ত সলিসিটর জেনারেল বিল্বদল ভট্টাচার্য্য জানান, প্রথম যে চিঠি তাঁর কাছে এসেছিল, তাতে বৈঠকের কোনো উল্লেখ নেই। পরে বিরোধী দলনেতা নাম প্রস্তাবে সই জালের অভিযোগ ওঠে। তিনি জানান, বিরোধী দল নির্বাচন নিয়ে নির্দিষ্ট কোনো আইন নেই। বিধানসভায় সংখ্যায় সবচেয়ে বড় বিরোধী দলকে এই স্বীকৃতি দেওয়া হয়। মামলার বক্তব্য শোনার পর বিচারপতি গতকাল রায়দান স্থগিত রাখেন।

-----------------

বিপুল জনসমাগমের কারণে সাধারণ মানুষের কাছে সরকারি প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে আজও রাজ্যের বিভিন্ন জেলায় চলবে জনকল্যাণ শিবির। গতকাল এই শিবির শেষ হওয়ার কথা থাকলেও পরে তার মেয়াদ একদিন বাড়ানো হয়। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল দক্ষিণ ২৪ পরগণার ফলতায় এই ঘোষণা করেন।

এদিকে, গত তিন দিনে ৪২ লক্ষ ৬৪ হাজারের বেশি রেজিস্ট্রশেন হয়েছে বলে সরকারি সূত্রে জানা গেছে।

-----------------

রাজ্য বিধানসভার ফলাফল প্রকাশ থেকে এক মাসেরও বেশি সময় কেটে যাওয়ার পর পশ্চিমবঙ্গে মোতায়েন থাকা কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা কমিয়ে দেওয়া হল। ভোট পরবর্তী হিংসা রুখতে রাজ্যের বিভিন্ন জেলায় ৫০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ছিল। গতকাল থেকে তা কমিয়ে ১৫০ কোম্পানি করা হয়েছে। কলকাতার জন্য ১৮ এবং হাওড়ার জন্য ৬ কোম্পানি বাহিনী রাখা হচ্ছে। বাকিরা বিভিন্ন জেলায় আইনশৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত থাকবে।

------------------

রাজ্যের আইনশৃঙ্খলা পরিকাঠামোর আধুনিকীকরণ ও তাকে প্রযুক্তি নির্ভর করে তুলতে পশ্চিমবঙ্গ সরকার ও রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা এবং বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলার কল্পেশ এইচ ওয়ান্দ্রা এই চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তির আওতায় রাজ্য ও কলকাতা পুলিশের কর্মীদের জন্য সাইবার অপরাধের তদন্ত, ডিজিটাল ফরেন্সিক, কৃত্রিম বুদ্ধিমত্তা নির্ভর নজরদারি, সন্ত্রাস দমন, উপকূলীয় নিরাপত্তা, মানব পাচার বিরোধী অভিযান এবং ড্রোন পুলিশিং-এর মত বিভিন্ন বিষয়ে পাঠ্যক্রমের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হবে। পরে মুখ্যমন্ত্রী জানান, রাজ্য পুলিশের নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনা হবে। পুলিশের ক্ষমতাকে বিগত সরকার নিজেদের স্বার্থে খর্ব করেছিল বলেও অভিযোগ করেন তিনি।

বাইট শুভেন্দু

------------------

রাজ্য সরকার শতাধিক ডব্লিউবিসিএস আধিকারিককে বদলির নির্দেশ জারি করেছে। গতকাল স্বরাষ্ট্র দপ্তরের এক বিজ্ঞপ্তিতে জেলা প্রশাসন এবং বিভিন্ন দপ্তর, মহকুমা পরিষদ, জেলা পরিষদ ও নবান্নের একাধিক গুরুত্বপূর্ণ পদে এই রদবদল করা হয়েছে। বেশ কয়েকজন অতিরিক্ত জেলাশাসক (এডিএম)-কে বিভিন্ন দপ্তরে যুগ্ম সচিব পদে আনা হচ্ছে। একই সঙ্গে একাধিক জেলা পরিষদের সচিব, প্রকল্প আধিকারিক এবং ওএসডি-দের নতুন জেলায় বা নতুন প্রশাসনিক দায়িত্বে পাঠানো হয়েছে।

এছাড়াও বিশেষ সচিব, অতিরিক্ত সচিব, মহকুমাশাসক এবং বিভিন্ন উন্নয়নমূলক সংস্থার পদেও ব্যাপক রদবদল করেছে সরকার। প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি এবং বিভিন্ন দপ্তরের কাজের গতি বাড়াতেই এই রদবদল বলে জানা গেছে।

-----------------

বিজেপি ২০শে জুন পশ্চিমবঙ্গ দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলের প্রতি আবেদন জানিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভার সাংসদ রাহুল সিনহা বলেন, এই দিনটি কোন রাজনৈতিক দলের নয়, সমগ্র পশ্চিমবঙ্গের। ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীর ঐতিহাসিক অবদানের ফলে পশ্চিমবঙ্গ ভারতের অংশ হিসেবে স্বীকৃতি পেয়েছিল। তাই বিশে জুন পশ্চিমবঙ্গ দিবস, ২৩শে জুন শ্যামাপ্রসাদ মুখার্জির বলিদান দিবস এবং ৬ই জুলাই তার জন্মজয়ন্তী পালনের জন্য তিনি সবাইকে আহ্বান জানান। পাশাপাশি শ্রী সিনহা আন্তর্জাতিক যোগ দিবস সফলভাবে পালন করারও আবেদন জানিয়েছেন।

-----------------

রাজ্যে এবছরের স্নাতক স্তরে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, আর্কিটেকচার এবং ফার্মাসি কোর্সের ভর্তির জন্য প্রবেশিকা পরীক্ষা জয়েন্ট এন্ট্রান্সের ফল আজ প্রকাশিত হবে। West Bengal Joint Entrance Examination Board এর কার্যালয়ে দুপুর দেড়টায় আয়োজিত এক সাংবাদিক বৈঠকে এই ফল প্রকাশ করবেন বোর্ডের রেজিস্ট্রার ডক্টর দিব্যেন্দু কর। তিনি বলেন, পরীক্ষার্থীরা বিকেল চারটে থেকে Rank Card ডাউনলোড করতে পারবেন। এজন্য www.wbjeeb.nic.in এবং www.wbjeeb.in ওয়েবসাইটে নজর রাখতে বলা হয়েছে।

-----------------

পশ্চিমবঙ্গে চলচ্চিত্র ও টেলিভিশন শিল্প সহ টলিউডের বিভিন্ন সমস্যা ও ভবিষ্যৎ উন্নয়ন সুনিশ্চিত করতে সরকার একটি নতুন উপদেষ্টা কমিটি গঠনের প্রস্তাব দিয়েছে। গতকাল নবান্নে এক গুরুত্বপূর্ণ বৈঠকে ফেডারেশনের বর্তমান কমিটির মেয়াদ শেষের পর নতুন কমিটি গঠন না হওয়ায় ওই উপদেষ্টা কমিটি গঠনের কথা বলা হয়। কমিটিতে বিধায়ক রূপা গঙ্গোপাধ্যায়, পাপিয়া অধিকারী, রুদ্রনীল ঘোষ ও হিরণ্ময় চট্টোপাধ্যায় রয়েছেন।

এছাড়াও অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, অভিনেতা ও সাংসদ দীপক অধিকারী (দেব), জিশু সেনগুপ্ত, প্রযোজক মহেন্দ্র সোনি, পরিচালক-প্রযোজক সানি ঘোষ রায়, কৌশিক গঙ্গোপাধ্যায়, সৃজিত মুখার্জি সহ টলিউডের বিভিন্ন ক্ষেত্রের প্রতিনিধিদের নাম থাকছে।

বৈঠকে তথ্য ও সংস্কৃতি দফতরের অডিটোরিয়াম ও হল বণ্টনের বর্তমান পদ্ধতি পুনর্বিবেচনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি দফতরের বার্ষিক সাংস্কৃতিক কর্মসূচির ক্যালেন্ডার পর্যালোচনা করে প্রয়োজনীয় পরিবর্তনের কথাও বলা হয় ওই বৈঠকে।

-----------------

অভিনেতা ও বিধায়ক রুদ্রনীল ঘোষের উপস্থিতিতে টালিগঞ্জ সিনেমা ইন্ডাস্ট্রির একটি নতুন ফোরাম 'পারফরম্যান্স অফ বেঙ্গল' গঠিত হয়েছে। মূলত গানের শিল্পীদের নিয়েই তৈরি হয়েছে এই ফোরাম। গতকাল প্রেস ক্লাবে এক বৈঠকে রুদ্রনীল বলেন, গায়ক-গায়িকা এবং মিউজিসিয়ানদের পক্ষ থেকে এই অরাজনৈতিক মঞ্চ তৈরি করা হয়েছে। বিগত বহু বছর ধরে শিল্পী নির্বাচনে ক্ষমতার অপব্যবহার করা হলেও আগামী দিনে তা হবে না বলে স্পষ্ট জানান তিনি।

উল্লেখ্যে, শিলাজিৎ মজুমদার, অনিন্দ্য বসু, রাঘব চট্টোপাধ্যায় এবং সিধু বৈঠকে উপস্থিত ছিলেন।

------------------

আরজি কর  হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার  তদন্তে গতকাল  পানিহাটি শ্মশানে যায়  সিবিআইয়ের একটি দল। মৃত চিকিৎসককে শ্মশানে নিয়ে যাওয়ার পর  কী ঘটেছিল, এবং কী ভাবে তাঁর দেহ সৎকার করা হয়— সেই বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করেন  সিবিআই আধিকারিকেরা।

শ্মশানের ম্যানেজার ভোলানাথ পাত্রকে জিজ্ঞাসাবাদের পাশাপাশি সেখানে দায়িত্বে থাকা পৌরসভার  কর্মীর সঙ্গেও কথা বলে তিন সদস্যের দলটি। খতিয়ে দেখা হয় রেজিস্ট্রার খাতাও।

এদিকে, রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী শারদ্বত্ মুখোপাধ্যায় বলেছেন, কিভাবে অভয়ার মৃত্যু হল, তা সকলেই জানতে চাইছে।

বাইট শারদ্বত্ মুখোপাধ্যায়

------------------

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু সক্রিয় না থাকায় দক্ষিণবঙ্গে অস্বস্তিকর আবহাওয়া বজায় রয়েছে। আগামী কয়েক দিনের তাপমাত্রা আরও বাড়ার সম্ভাবনা বলে আবহ বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট-সৌরিশ)

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক সাত ডিগ্রি বেশি।

------------------ ------------------